

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
লাইন ডাইরেক্টরের কার্যালয়  
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি), সিসিএইচএসটি  
বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা-১২১২।  
ফোনঃ- ০২-২২২২৮০৭৮৫, ফ্যাক্সঃ- ০২-২২২২৮২৯০০।  
ই-মেইলঃ- [cbhc@ld.dghs.gov.bd](mailto:cbhc@ld.dghs.gov.bd)

স্মারক নং-সিবিএইচসি/প্রকিঃ/জিওবি/ঔষধ (কঃ ক্রিঃ)-৩৩/২০২২-২০২৩/ ২৭৫  
বরাবর,

তারিখ: ২২/১০/২০২৪ খ্রি:।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা  
----- (সকল)।

বিষয়: কমিউনিটি ক্লিনিক সমূহে ব্যবহারের জন্য ইউসিএল কর্তৃক সরবরাহকৃত এন্টিবায়োটিক ঔষধ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ছানান্তর এবং ব্যবহার  
প্রসংগে।


- সূত্র: ১) স্মারক নং-সিবিএইচসি/প্রকিঃ/ঔষধের হালনাগাদকরণ-১৪/২০২১-২২/৫৩৮, তারিখ: ১০.০৫.২০২৩ইং  
২) স্মারক নং- সিবিএইচসি/প্রকিঃ/জিওবি/ঔষধ(কঃক্রিঃ)-৩৩/২০২২-২০২৩/১৫৭, তারিখ: ০৯/০৭/২০২৪ খ্রি:।  
৩) স্মারক নং-সিবিএইচসি/প্রকিঃ/জিওবি/ঔষধ (কঃক্রিঃ)-৩৩/২০২২-২০২৩/৬২৪, তারিখ: ২৫/০৬/২০২৩ খ্রি:।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বিগত ২০২২-২০২৩ খ্রি: অর্থ বছরে কমিউনিটি ক্লিনিক সমূহে ব্যবহারের জন্য ২৭ (সাতাশ) প্রকার ঔষধ এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড (ইউসিএল) হতে ক্রয় করা হয় এবং ২ নং সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে ৫৩,৩১০ কার্টন ঔষধ ইউসিএল এর পণ্যগারে আপদকালীন মজুদ হিসেবে সংরক্ষণ করা হয়। বর্তমানে কমিউনিটি ক্লিনিক সমূহে ব্যবহারের জন্য ২ নং সূত্রে বর্ণিত স্মারকের মাধ্যমে ২৭ (সাতাশ) প্রকার ঔষধ সম্বলিত ৫৩,৩১০ কার্টন ঔষধ উপজেলা পর্যায়ে সরবরাহের জন্য ইউসিএল-কে সরবরাহ অদেশ প্রদান করা হয়েছে। উল্লেখ্য যে, সরবরাহকৃত/সরবরাহতব্য ২৭ (সাতাশ) প্রকার ঔষধের মধ্যে এন্টিবায়োটিক গ্রুপের ৭ প্রকার ঔষধ রয়েছে। এন্টিবায়োটিক গ্রুপের ঔষধের যত্রতত্র ব্যবহার রোধে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সিবিএইচসিপিদের মাধ্যমে এন্টিবায়োটিক গ্রুপের ঔষধ রোগীদেরকে প্রদান করা অনুচিত এবং ডাক্তারের ব্যবস্থাপত্র অনুযায়ী প্রদান করা আবশ্যিক বিধায় বিগত ২০২৩-২০২৪ অর্থ বছরের কমিউনিটি ক্লিনিকে ব্যবহৃত ঔষধের তালিকা হতে এন্টিবায়োটিক গ্রুপের ঔষধ বিয়োজন করা হয়েছে। তালিকা নিম্নরূপ;

ক্রমিক নং	এন্টিবায়োটিক গ্রুপের ঔষধের নাম	প্রতি কার্টনে ঔষধের পরিমাণ
১	কেট্রাইমোক্সাজোল ট্যাবলেট ১২০মিঃগ্রা:	৫০০ পিসেস
২	কেট্রাইমোক্সাজোল ট্যাবলেট ৯৬০মিঃগ্রা:	১০০ পিসেস
৩	মেট্রোনিডাজল ট্যাবলেট ৪০০মিঃগ্রা:	৭৫০ পিসেস
৪	পেনিসিলিন-ভি ট্যাবলেট ২৫০মিঃগ্রা:	১০০ পিসেস
৫	এ্যামোক্সিসিলিন ক্যাপসুল ২৫০মিঃগ্রা:	৫০০ পিসেস
৬	অ্যামোক্সিসিলিন ১২৫ মি: গ্রা:/ ৫ এমএল পাউডার ফর সাসপেনশন ১০০মি:লি:	১২ পিসেস
৭	অ্যামোক্সিসিলিন ১২৫ মি: গ্রা:/ ১.২৫ এমএল পাউডার ফর প্যাডিয়াট্রিক ড্রপ ১৫মি:লি:	১০ পিসেস

এমতাবস্থায় বিগত ২০২২-২০২৩ অর্থ বছরে ক্রয়কৃত ও ইউসিএল এর ভাভারে আপদকালীন মজুদকৃত এবং বর্তমানে সরবরাহকৃত/সরবরাহতব্য ২৭ (সাতাশ) প্রকার ঔষধ হতে উল্লেখিত ৭ প্রকার ঔষধ কমিউনিটি ক্লিনিক হতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যথাযথ ডকুমেন্ট সংরক্ষণের মাধ্যমে ছানান্তর করে উহাদের ব্যবহার নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(ডাঃ মুহাম্মদ হাবিবুর রহমান)  
লাইন ডাইরেক্টর

কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি), সিসিএইচএসটি  
বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা-১২১২।  
তারিখ: ১০/২০২৪ খ্রি:।

স্মারক নং-সিবিএইচসি/প্রকিঃ/জিওবি/ঔষধ (কঃ ক্রিঃ)-৩৩/২০২২-২০২৩/  
অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
- ৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর (দূ: আ: সহকারী পরিচালক, সমন্বয়) স্বাস্থ্য ভবন, মহাখালী, ঢাকা।
- ৪। যুগ্ম সচিব, প্রকল্প বাস্তবায়ন অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপ সচিব (ক্রয় ও সংগ্রহ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। বিভাগীয় পরিচালক, (স্বাস্থ্য) (সকল)।
- ৭। সিভিল সার্জন ----- (সকল)।
- ৮। অফিস কপি।

(ডাঃ মুহাম্মদ হাবিবুর রহমান)  
লাইন ডাইরেক্টর